# মাননীয় চেয়ারম্যানে'র বাণী-



"ক্রেডিট ইউনিয়নের নির্দিষ্ট ও অপরিবর্তনীয় কোন ধারণা নেই, এটি অনেকটা নির্ভর করে সংগঠকদের অন্তরদৃষ্টির উপর। এটা হতে পারে সহৃদয়তা বা পরদুঃখকাতরতার সাথে টাকা জমা করা ও কম সুদে ঋণ প্রদান করার একটা প্রক্রিয়া কিংবা এটাকে বলা যেতে পারে বিবেকহীন সুদখোর মহাজনদের হাত থেকে রেহাই পাওয়ার উপায় ও একটি উন্নত ও পরিপক্কতর সমাজ জীবনের ভিত্তি।" কথাগুলো বলেছেন বাংলাদেশে ক্রেডিট ইউনিয়নের জনক পরম শ্রদ্ধেয় স্বর্গীয় ফাদার চার্লস যোশেফ ইয়াং। সত্যি মঠবাড়ী অঞ্চলের মানুষ ও এ প্রতিষ্ঠানের সংগঠকদের দৃঢ়তা দিয়ে দারিদ্রতা ও দুঃখ জয়ের পথকে করেছে প্রসারিত এবং অর্থনৈতিক মুক্তি আনায়নের মধ্য দিয়ে সু-দৃঢ় করেছে উন্নত জীবনের ভিত্তি। আমাদেরকে এ কথা অবশ্যই স্বীকার করতে হবে যে, আমদের এইযে সার্বিক উন্নয়ন তা কোন কিছুই সম্ভব হতো না, যদি না গঠিত হতো আমাদের এ মহান প্রতিষ্ঠান। ক্রেডিট ইউনিয়ন আমাদের শিখিয়েছে কিভাবে একতাবদ্ধ হয়ে পরস্পর পরস্পরের কাঁধে কাঁধ মিলিয়ে নিজেদের অর্থনৈতিক ও সামাজিক উন্নয়নের পাশাপাশি নৈতিক ও মানবিক উন্নয়ন ঘটাতে পারি।

মঠবাড়ী খ্রিস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লি: এর গৌরবময় ৫০ বছর উদ্‌যাপনের সন্ধিণে অত্যন্ত আনন্দ ও গৌরবের সাথে বলতে পারি যে, কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন আন্দোলন বাংলাদেশে এক গৌরবগাথা অধ্যায়, বাংলাদেশের প্রতিটি অঞ্চলে আজ গঠিত হয়েছে শত শত কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন। এ কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন গঠনের মাধ্যমে ভাগ্যহত দরিদ্র জনগোষ্ঠী তাদের সঞ্চিত অর্থের মাধ্যমে নিজেরাই নিজেদের ভাগ্যের পরিবর্তন ঘটিয়েছেন । এ ধারাবাহিকতা চলতে থাকলে আমার বিশ্বাস ক্রেডিট ইউনিয়ন আন্দোলনের মধ্যদিয়ে সমগ্রদেশে অর্থনৈতিক বিপ্লব আনা সম্ভব।

সুবর্ণ জয়ন্তীর এ শুভক্ষণে আজ শ্রদ্ধাভরে স্মরণ করছি আমাদের সেই সব মহান পূর্বপুরুষদের যাঁদের অক্লান্ত পরিশ্রম, সাধনা এবং তপস্যার ফসল আমাদের এই মঠবাড়ী খ্রিস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লি:। স্বর্গীয় আর্চ বিশপ লরেন্স এল, গ্রেনার সিএসসি , স্বর্গীয় ফাদার চালর্স যোশেফ ইয়াং সিএসসি, স্বর্গীয় নাইট ভিনস্টে রড্রিক্স ও ত্রিশ জন প্রতিষ্টাতা সদস্য সহ সকলের প্রতি আন্তরিক শ্রদ্ধা ও কৃতজ্ঞতা জ্ঞাপন করছি।

এ সুবর্ণ জয়ন্তী বাস্তবায়নে পরিচালকমন্ডলী, ক্রেডিট কমিটি, সুপারভাইজরী কমিটি, বিভিন্ন কমিটি ও উপ-কমিটির সদস্য/সদস্যাবৃন্দ, কর্মীবৃন্দসহ যাঁরা প্রতক্ষ্য ও পরোক্ষভাবে আমাদের এ সুবর্ণ জয়ন্তী উৎসবকে সার্থক করে তুলতে সার্বিক সাহায্য-সহযোগিতা করেছেন তাদের সকলকে জানাচিছ আন্তরিক ধন্যবাদ এবং কৃতজ্ঞতা। দেশে কিংবা বিদেশে অবস্থানরত সমিতির সম্মানিত সকল প্রাক্তন কর্মকর্তা, কর্মী, সদস্য/সদস্যা, শুভানুধ্যায়ী যাঁরা জীবিত এবং মৃত তাঁদের সকলকেই জানাচিছ আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা।

মঠবাড়ী খ্রিস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লি: এর সুবর্ণ জয়ন্তীতে সম্মানিত সকল সদস্য/সদস্যা, বিভিন্ন স্কীমের সদস্য এবং জাতি ধর্ম-বর্ণ নির্বিশেষে সকলকে আন্তরিক প্রীতি ও শভেচছা। পরম করুণাময় সৃষ্টিকর্তা আমাদেন সাথে থাকুন।

**খ্রীষ্টফার দেশাই**
চেয়ারম্যান, মঠবাড়ী খ্রিস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লি: